গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা
ফোন ঃ ৫৮৬১৩০৫৩, ফ্যাক্স ঃ ৯৬১৫১৫৫
ওয়েব সাইট ঃ www.emc.edu.bd

স্মারক নং ইমক/২০২১/৬৫২ তারিখ : ২০/০৪/২০২১খ্রিঃ

বিষয় ঃ ইডেন মহিলা কলেজ, ঢাকার ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রেরণ প্রসঙ্গ।
সূত্র : মাউশি/ঢাঅ/সেসিপ/এপিএ/২০১৭/১৩৫৩, তারিখ : ১২/০৪/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চলাধীন এপিএ চুক্তির আওতাভুক্ত ইডেন মহিলা কলেজ, ঢাকার ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রয়োজনীয় কার্যার্থে এতদ্সঙ্গে প্রেরিত হলো।

20.04.2021
(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য্য)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ,ঢাকা
(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য্য)
আইডি নং-২৭৯০
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

পরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা
ঢাকা অঞ্চল, ঢাকা

দৃষ্টি আকর্ষণ : জনাব মোঃ এরফানুল হক শোয়েব, সহকারী পরিচালক(সাঃপ্রশাঃ), মাধ্যমিক ও উচ্চশিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।

এবং

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০২১ খ্রি.- জুন ৩০,২০২২ খ্রি.

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	০৩
প্রস্তাবনা	০৪
সেকশন ১: সাধারণ কার্যাবলি	০৫
সেকশন ২: কর্মসম্পাদন পরিকল্পনা	৬-৯
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	১০
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	১১

ইডেন মহিলা কলেজের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :

সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ এবং টেকসই উন্নয়ন অভীষ্ট-২০৩০ কে সামনে রেখে ইডেন মহিলা কলেজ গত ৩ বছরে অনেক গুরুত্বপূর্ণ কার্যক্রম পরিচালনা করেছে। ছাত্রীদের জন্য একটি এম্বুলেন্সের ব্যবস্থা করা হয়েছে। ক্যাম্পাসে বিরল প্রজাতির ৪০টি ঔষধি গাছসহ ৫০০টি গাছ রোপন করা হয়েছে। দৃষ্টিপ্রতিবন্ধী ছাত্রীরা জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন এবং পার্লামেন্টারিয়ান জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় ইডেন কলেজ যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়। কলেজ ক্যাম্পাসে একটি মাল্টিপারপাস প্লে গ্রাউন্ড স্থাপন করা হয়েছে। আইসিটি ল্যাবে সকল শিক্ষকের জন্য বাধ্যতামূলক ইন-হাউজ কম্পিউটার ট্রেনিং এর আয়োজন করা হয়েছে। বিজ্ঞান অনুষদের ৯টি বিভাগের ল্যাবসমূহকে আধুনিকায়ন করা হয়। এই কর্মসূচীর অধীনে ভূগোল ও পরিবেশ বিভাগে GIS ও RS ল্যাব চালু করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে প্রতি বিভাগে দেওয়াল পত্রিকা লেখা, একটি স্মারক গ্রন্থ 'মৃত্যুঞ্জয়ী' প্রকাশ, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে কেন্দ্রীয়ভাবে দুটি এবং ১৬টি বিভাগে সেমিনারের আয়োজন করা হয়েছে। রবীন্দ্র-নজরুল জয়ন্তী উদ্‌যাপন, 'ক্লিন ক্যাম্পাস, গ্রীন ক্যাম্পাস' কার্যক্রম, মাদক ও সন্ত্রাস প্রতিরোধ, যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন ও কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এপ্রিল-২০২০ থেকে অদ্যাবধি ভার্চুয়ালী ক্লাস গ্রহণসহ অতিসম্প্রতি কলেজ BdREN এর অ্যাসোসিয়েট সদস্য হয়। অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। APA অনুযায়ী একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন ও বাস্তবায়ন ভিজিল্যান্স টিম গঠন ও রিপোর্ট নিষ্পত্তি এবং অংশগ্রহণমূলক প্রশাসন নিশ্চিত করা হয়। তত্ত্বীয় ও ব্যবহারিক ক্লাস শতভাগ নিশ্চিত করা হয়। সহপাঠ্য কার্যক্রম, শিক্ষক ও কর্মচারীদের দক্ষতায়নে প্রশিক্ষণ এবং শিক্ষার্থীদের কাউন্সিলিং এর টার্গেট সফলভাবে সম্পন্ন হয়। ভর্তি ও ফরম ফিলাপ কার্যক্রম SDMS এর আওতায় আনা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ:

সকল বিষয়ে বিষয়ভিত্তিক শিক্ষক সংখ্যা অপ্রতুল। মাল্টিমিডিয়া ক্লাশ পরিচালনায় প্রয়োজনীয় সংখ্যক উপকরণ সেট অপর্যাপ্ত। হোস্টেলে আসন সংখ্যা প্রয়োজনের তুলনায় সীমিত। অবকাঠামোগত নানাবিধ সমস্যা রয়েছে। মানসম্মত পর্যাপ্ত সংখ্যক আইসিটি ল্যাবের অভাব । ইন্টারনেট সেবার অপ্রতুলতার কারণে কোভিড-১৯ পরিবেশে প্রত্যন্ত অঞ্চলে বসবাসরত শিক্ষার্থীরা অনলাইন ক্লাসে শিক্ষা গ্রহণে সমস্যার সম্মুখীন হচ্ছে।

ভবিষ্যৎ পরিকল্পনা:

- শিক্ষার্থী সহায়ক সফটওয়্যার ভিত্তিক কার্যক্রম বৃদ্ধিকরণ ।
- নির্মাণাধীন স্বতন্ত্র ভবনে পরীক্ষা নেওয়ার ব্যবস্থা গ্রহণ ও অডিটোরিয়াম আধুনিকীকরণ
- লাইব্রেরী অটোমেশন ও একটি আইসিটি ক্লাব গঠন।
- অংশগ্রহণ মূলক প্রশাসন নিশ্চিত করণ। কাউন্সেলিং কার্যক্রম অব্যাহত রাখা।
- অংশীজনকে ই-সেবা এবং বিভাগীয় সেমিনারসমূহকে ডিজিটাল ব্যবস্থাপনার আওতায় আনা।
- শিক্ষার্থীদের বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।
- কলেজের সবুজায়ন।
- অফিসের কাজে নিয়োজিত কর্মচারীদের দক্ষতা, নৈতিকতা এবং শুদ্ধাচার নিশ্চিত করণ।

২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- মুজিববর্ষ উপলক্ষে ১টি জার্নাল প্রকাশ।
- ডিজিটাল স্টুডিও স্থাপন, শিক্ষার্থীদের উপস্থিতি ও লাইব্রেরী ব্যবস্থাপনা অটোমেশন।
- গণিত বিভাগে একটি আধুনিক কম্পিউটার ল্যাব স্থাপন ।
- শিক্ষার্থীদের জন্য ইংরেজি, গণিত, গার্হস্থ্য অর্থনীতি ও আইসিটির উপর বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।
- বেসরকারি কর্মচারী কল্যাণ ফান্ড গঠন ও ছাত্রীদের বৃত্তিমূলক শিক্ষা প্রদান ।
- কলেজের সবুজায়ন, পুকুরপাড় বাঁধাই ও ওয়াকওয়ের ব্যবস্থা গ্রহণ এবং নিরাপত্তার জন্য আই.পি ক্যামেরা স্থাপন ।
- ক্যাম্পাসের দৃশ্যমান স্থানে বেসিন স্থাপন।
- পাবলিক ও অভ্যন্তরীন পরীক্ষায় ভালো ফলাফলধারী এবং শিক্ষার্থীদের উপস্থিতি ৮০% এর অধিক হলে পুরস্কৃত করণ।

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা ও সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।

এবং

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, ঢাকা এর মধ্যে

২০২১ সালের জুন মাসের..................তারিখের এই বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

সেকশন ১

১.১ সাধারণ কার্যাবলি :

ক্রমিক নং	সাধারণ কার্যাবলি	নম্বর
ক)	প্রশাসনিক স্বচ্ছতা, জবাবদিহি ও গতিশীলতা নিশ্চিতকরণ	২৬
খ)	সুষ্ঠুভাবে একাডেমিক কার্যক্রম পরিচালনা	৩২
গ)	কার্যকর সহপাঠ্য কার্যক্রম পরিচালনা	১৫
ঘ)	শিক্ষণে কার্যকর মনিটরিং নিশ্চিতকরণ	০৭
ঙ)	শিখন বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ	২০
	সর্বমোট =	১০০